**অপর মামলা নং-১৭০/২০১৭**

উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-২৪

তারিখ- ২৯/০৯/২০২২ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী সম্পত্তিতে স্বত্ব ঘোষনা ও বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রী এবং দলিল সংশোধনের প্রার্থনায় **১-১২** নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

**১-১২** নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ০৩/১১/২০১৯ ইং তারিখের ১০ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে বাদী **তাপস সিংহ P.W.-1 ও সুমন সিংহ P.W.-2** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন।

| | | |
|---|---|---|
| ০১ | আর এস ১৬০, ৭৪৩ নং খতিয়ানের সি.সি | প্রদর্শনী -১ সিরিজ |
| ০২ | বি এস ১৯৬ ও ৫৭৬ নং খতিয়ানের সি.সি | প্রদর্শনী-১ সিরিজ |
| ০৩ | ২৪/১১/১৯৭২ ইং তারিখের ৫১৬২ নং কবলার মূল কপি | প্রদর্শনী-২ |
| ০৪ | আম-মোক্তার নামার মূল কপি | প্রদর্শনী-৩ |

**তাপস সিংহ P.W.-1 ও সুমন সিংহ P.W.-2** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৩) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রী ও দলিল সংশোধনের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা **১-১২** নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত **ভূ**মিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত **ভূ**মি সংশ্লিষ্ট বি.এস খতিয়ান **ভু**ল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীগনের উপর বাধ্যকর নয়।

এতদ্বারা দাতা রবীন্দ্র লাল সিংহ কর্তৃক গ্রহীতা- কালা দেব সিংহ, অখিল সিংহ ও বিমল সিংহ এর অনুকূলে সম্পাদিত আনোয়ার সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২৪/১১/১৯৭২ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৫১৬২ নম্বর কবলা দলিলের তফসিলে **আর এস $\frac{\text{ক২৩২}}{\text{১২০০}}$ নং দাগের স্থলে $\frac{\text{২০০}}{\text{ক ২৩২}}$ নং দাগ** লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট *ভলিয়মে* সংশিষ্ট** সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং সাব-রেজিস্ট্রার, আনোয়ারা সাব-রেজিষ্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম